



## আদমশুমারি সম্পর্কিত তথ্য

জাপান সরকার আগামী অক্টোবর ২০১০ এ আদমশুমারি সম্পন্ন করতে যাচ্ছে।

আদমশুমারি একটি পরিসংখ্যানগত জরিপ যা আইনগত ভাবেই জাতিভেদ নির্বিশেষে জাপানে বসবাসকারী সকলের ওপর চালানো হয়। আইনগত কারণেই আপনাকে এতে অংশগ্রহণ করতে হবে।

আপনার অংশগ্রহণ কোনভাবেই অভিবাসন নিয়ন্ত্রণ, পুলিশ তদন্ত বা অন্য কোন কাজে ব্যবহার করা হবে না।

সেপ্টেম্বরের শেষভাগ থেকে শুরু হওয়ার পর আদমশুমারি কর্মীরা বাসায় বাসায় গিয়ে আদমশুমারী ফর্ম বিতরণ করবে।

এই গণনায় প্রাপ্ত উপাত্তের উপর ভিত্তি করেই শহর ও অন্যান্য বিষয়ের পরিকল্পনা করা হবে যার সুবিধা জাপানিরা তো বটেই, বিদেশীরাও সমান ভাবে ভোগ করবেন।

### আদমশুমারি

১লা অক্টোবর, ২০১০

